সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৭৪

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ এই নিষেধাজ্ঞা দ্বারা উদ্দেশ্য পুরো জামানা নয়; বরং কিছু অংশ মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذَا الزَّجْرَ إِنَّمَا قُصِدَ بِهِ بَعْضُ الدَّهْرِ لَا الْكَلُّ

আরবী

3574 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ عَنِ الْجُرَيْرِيِّ عَنْ أَبِي الْعَلَاءِ عَنْ مُطَرِّفٍ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قِيلَ لَهُ: إِنَّ فلاناً لا يُفْطِرُ نهاراً الدَّهْرِ إِلَّا لَيْلًا فَقَالَ صلى الله عليه وسلم: (لا صام ولا أفطر)

الراوي : عِمْرَان بْن حُصَيْنٍ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3574 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق)) ـ أيضاً ..

قَالَ أَبُو حَاتِمٍ رضي الله عنه: فِي هَذَا الْخَبَرِ كَالدَّلِيلِ عَلَى أَنَّ اللَّفْظَةَ الَّتِي فِي خَبَرِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو (مَنْ صَامَ الْأَبَدَ فَلَا صَامَ وَلَا أَفْطَرَ) أَرَادَ بِهِ الْأَبَدَ وَفِيهِ الْأَيَّامُ الَّتِي نُهِيَ عَنْهَا ـ عَنْ صِيَامِهَا ـ مِثْلُ أَيَّامِ التَّشْرِيقِ وَالْعِيدَيْنِ.

বাংলা

৩৫৭৪. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলা হয়, “ওমুক ব্যক্তি সারা বছর রাত ছাড়া দিনে সিয়াম ছাড়েন না।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “সে সিয়াম রাখেনি এবং ছাড়েওনি।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসে যেন এই মর্মে দলীল রয়েছে, আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমার হাদীসের শব্দে যা বর্ণিত হয়েছে “যে ব্যক্তি সবসময় সিয়াম রাখে, সে সিয়াম রাখেনি এবং সিয়াম ছাড়েওনি” এর দ্বারা উদ্দেশ্য হলো ‘সবসময়’। এর মাঝে সেসব দিনগুলোও অন্তর্ভুক্ত, যেগুলোতে সিয়াম রাখতে নিষেধ করা হয়েছে। যেমন: আইয়ামে তাশরীক ও দুই ঈদের দিন।”

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৪২৬; নাসাঈ: ৪/২০৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২১৫১; হাকিম: ১/৪৩৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৮৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92908

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন